১২৬

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 AUG 1997
পৃষ্ঠা ৩ কলাম ৫

# রোকেয়া হল প্রভোস্টের অফিসে তালা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের ছাত্রীরা রাত ৯টার পর হলে প্রবেশের "লেট পারমিশন' এবং হল প্রভোস্টের পদত্যাগের দাবীতে হলের প্রভোষ্ট অফিসে তালা ঝুলাইয়া দিয়াছে। হলের

(৫ম পৃঃ দ্রঃ)

## প্রভোষ্ট অফিসে

(৩য় পৃঃ পর)

ছাত্রীরা জানায়, তাহাদের দাবী না মানিয়া নেওয়া পর্যন্ত এই তালা খুলিতে দেওয়া হইবে না। গত মঙ্গলবার রাতে হলের ছাত্রীদের হাতে আড়াই ঘন্টা তালাবদ্ধ থাকার ফলে প্রভোষ্ট ডঃ নুরুন নাহার রহমান অসুস্থ হইয়া পড়িয়াছেন বলিয়া তাহার পারিবারিক সূত্রে জানা গিয়াছে। বুধবার ছাত্রীদের সহিত ভিসি প্রফেসর এ,কে, আজাদ চৌধুরী এক বৈঠকে তাহাদের দাবী প্রভোষ্ট ষ্ট্যাণ্ডিং কমিটির সভায় উত্থাপন করা হইবে বলিয়া জানান। ছাত্রীরা তাৎক্ষণিকভাবে ভিসিকে তাহাদের দাবী মানিয়া নেওয়ার দাবী জানায়।

এদিকে বুধবার বিকালে বিভিন্ন ছাত্র সংগঠনের রোকেয়া হল শাখার নেত্রীরা টিএসসিতে এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে ছাত্রীদের দাবী মানিয়া নেওয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাইয়াছেন। অন্যথায় তাহারা বৃহত্তর আন্দোলন গড়িয়া তুলিবে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, রোকেয়া হলের সাধারণ ছাত্রীবৃন্দ কিছুদিন যাবৎ প্রভোষ্ট ডঃ নুরুন নাহার রহমানের অসদাচরণ সংশোধন, ছাত্রীদের বিভিন্ন সমস্যার প্রভোষ্টের সহিত আলোচনার প্রক্রিয়া সহজতর করা, প্রতিমাসে ছাত্রীদের সাধারণ সভা আয়োজন করা এবং লেট পারমিশনের আন্দোলন করিয়া আসিতেছে। গত ২১শে আগষ্ট ছাত্রীরা কর্তৃপক্ষকে স্মারকলিপি দিয়া তিনদিনের মধ্যে দাবী মানিয়া নেওয়ার আহ্বান জানাইয়াছিল। উহার পর হইতে হল প্রভোষ্ট ছাত্রীদের সহিত দুর্ব্যবহার করেন। রাত ৯টার পর বিকল্প পথে ছাত্রীদের হলে প্রবেশ ও ছাত্রীদের গেট পারমিশন বন্ধ করিয়া দেয়। উদ্ভূত পরিস্থিতিতে প্রভোষ্টকে তালাবদ্ধ করিয়া রাখা হয়।

সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন ছাত্রলীগের হল শাখার নেত্রী জয়ন্তী প্রভাদেবী, ছাত্রদলের রেহেনা আক্তার বানু, শাম্মী আখতার, ছাত্র ইউনিয়নের গীতারানী অধিকারী, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আলেয়া পারভীন প্রমুখ।